দৈনিক বাংলা

তারিখ 13 JUN 1987
পৃষ্ঠা ... ১ কলাম ... ৫



# আজ এইচএসসি পরীক্ষা শুরু ঃ আড়াই লাখ পরীক্ষার্থী

॥ স্টাফ রিপোর্টার ॥

আজ শনিবার দেশের চারটি বোর্ডের ১৯৮৭ সালের এইচএসসি পরীক্ষা শুরু হচ্ছে। অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা দুই লাখ ৪২ হাজার আটশ ৯৯ জন।

সর্বমোট ৫২৪টি কেন্দ্র থেকে পরীক্ষার্থীরা এইচএসসি পরীক্ষা দেবে। পরীক্ষা গ্রহণের প্রয়োজনীয় প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন হয়েছে।

ঢাকা বোর্ড থেকে ৭৫ হাজার দু'শ ৭১ জন, রাজশাহী বোর্ড

(৩-এর পৃঃ দ্রঃ)

## পরীক্ষা শুরু

(১-এর পৃঃ পর)

থেকে ৬০ হাজার সাতশ ৫৮ জন, যশোর বোর্ড থেকে ৫৮ হাজার ৭২ জন এবং কুমিল্লা বোর্ড থেকে ৪৮ হাজার সাতশ ৭৮ জন ছাত্র-ছাত্রী এইচএসসি পরীক্ষায় অংশ নেবে।

ঢাকা বোর্ডের সর্বমোট পরীক্ষার্থীর মধ্যে ৫৫ হাজার চারশ ৬২ জন ছাত্র এবং ১৯ হাজার আটশ নয় জন ছাত্রী। এরা বিদেশের আটটি কেন্দ্রসহ মোট ১৫০টি কেন্দ্র থেকে পরীক্ষায় অংশ নেবে। বিদেশে স্থাপিত কেন্দ্রগুলি হচ্ছে ঃ রিয়াদ, জেদ্দা, কুয়েত, মানামা, করাচী, লন্ডন এবং ওয়াশিংটন ইত্যাদি।

এইচএসসি পরীক্ষার পাশাপাশি আজ শুধুমাত্র ঢাকা বোর্ডের আওতাধীন সারা দেশের ১৬টি কেন্দ্রে ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষাও শুরু হচ্ছে। মোট পরীক্ষার্থীর সংখ্যা এক হাজার নয়শ ৪৯ জন।

পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানে সহায়তা করার জন্যে ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক জনাব দলিলউদ্দীন মন্ডল সংশ্লিষ্ট সকলের সাহায্য ও সহযোগিতা কামনা করেছেন। পরীক্ষা সংক্রান্ত খবরা খবর সংগ্রহের জন্যে ঢাকা বোর্ডে খোলা হয়েছে একটি নিয়ন্ত্রণ কক্ষ। সকাল আটটা থেকে রাত এগারোটা পর্যন্ত এই নিয়ন্ত্রণ কক্ষ খোলা থাকবে। এই নিয়ন্ত্রণ কক্ষের টেলিফোন নম্বর ৫০৮৯৯৬।

এদিকে এইচএসসি পরীক্ষা উপলক্ষে ঢাকা মহানগর পুলিশ পরীক্ষা কেন্দ্রের দুইশত গজের মধ্যে একসঙ্গে চার জনের বেশি লোকের জমায়েত ও চলাফেরা সম্পূর্ণ নিষিদ্ধ ঘোষণা করেছে। আগামী ৯ই জুলাই পর্যন্ত এ নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।